



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১.২০২৪/ ১১৮৯/১

তারিখ: ১৬/০৪/২০২৪খ্রি.

বিষয়: এইচএসসি পরীক্ষা ২০২৪ এর ফরম পূরণ ফি বিভিন্ন শিক্ষা বোর্ডের নির্ধারিত ফি অপেক্ষা বেশি অর্থ নির্ধারণ, নির্দেশনা ব্যতীত বিভিন্ন ফি নির্ধারণ এবং পরীক্ষার্থীদের নিকট থেকে টেস্ট পরীক্ষার নামে অতিরিক্ত ফি আদায় প্রসংগে।


সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭১.১০.০০৮.০৭-২২০; তারিখ: ০৩/০৪/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারা দেশের ০৯ টি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষা ২০২৪ এর ফরম পূরণ ফি বিভিন্ন শিক্ষা বোর্ডের নির্ধারিত ফি অপেক্ষা বেশি অর্থ নির্ধারণ এবং নির্দেশনা ব্যতীত বিভিন্ন ফি নির্ধারণ করা হয়েছে মর্মে অভিযোগ পাওয়া গিয়েছে। ফরম পূরণে অতিরিক্ত ফি আদায় করা যাবেনা মর্মে বোর্ড কর্তৃক পত্র দেয়ার পরেও অতিরিক্ত অর্থ আদায় করেছেন যা বাংলাদেশ সুপ্রিম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুয়োমোটো রুল নং- ২৫/২০১৪ এবং পরীক্ষা পরিচালনা নীতিমালা পরিপন্থী কাজ।

শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭১.১০.০০৮.০৭-২২০; তারিখ: ০৩/০৪/২০২৪খ্রি. মোতাবেক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে (সকল) শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষার্থীদের নিকট থেকে টেস্ট পরীক্ষার নামে অতিরিক্ত ফি আদায় করা এবং পরীক্ষার কারণ দেখিয়ে এ্যাডমিট কার্ড দেওয়া থেকে বঞ্চিত করাসহ শিক্ষার্থীদের নিকট থেকে বিভিন্ন ভাবে আর্থিক সুবিধা নিচ্ছে মর্মে বিভিন্ন মাধ্যম থেকে অভিযোগ পাওয়া যাচ্ছে। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেন।

"টেস্ট পরীক্ষার নামে কোন শিক্ষার্থীর কাছ থেকে অতিরিক্ত ফি আদায় করা যাবে না এবং পরীক্ষার কারণ দেখিয়ে এ্যাডমিট কার্ড দেয়া থেকে বঞ্চিত করা যাবে না" মর্মে মাননীয় শিক্ষা মন্ত্রী নির্দেশনা দিয়েছেন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে এইচএসসি পরীক্ষা ২০২৪ এর ফরম পূরণ ফি বিভিন্ন শিক্ষা বোর্ডের নির্ধারিত ফি অপেক্ষা বেশি অর্থ নির্ধারণ, নির্দেশনা ব্যতীত বিভিন্ন ফি নির্ধারণ না করার জন্য এবং মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর উপরোক্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এর ব্যত্যয় ঘটালে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও গভর্নিংবডি/ম্যানেজিং কমিটির বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।


(হাবিবুর রহমান) ১৬/০৪/২৪

উপপরিচালক (কলেজ-২)

ফোন নং- ৯৫৫৭৬৯১

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

সরকারি/বেসরকারি কলেজ (সকল)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/রংপুর /যশোর/বরিশাল/ চট্টগ্রাম/কুমিল্লা/ সিলেট/ ময়মনসিংহ
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ৩। জেলা শিক্ষা অফিসার (সকল)
- ৪। সভাপতি, পরিচালনা পরিষদ/ম্যানেজিং কমিটি, বেসরকারি কলেজ (সকল)
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশির ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। সংরক্ষণ নথি।